

**মাধ্যমিক স্কুলের সহকারী  
গ্রন্থাগারিকদের এমপিও  
ভুক্তির দাবিতে মানববন্ধন**

■ ইত্তেফাক রিপোর্ট

এমপিওভুক্তির দাবিতে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ পাওয়া সহকারী গ্রন্থাগারিকরা মানববন্ধন কর্মসূচি পালন করেছে। জাতীয় প্রেসক্লাবের শাখায় গতকাল রবিবার বাংলাদেশে সহকারী গ্রন্থাগারিক সমিতির ক্যান্টনমেন্টে তারা এ কর্মসূচি পালন করেন। সকাল ১০টা থেকে প্রেসক্লাবের শাখায় মানববন্ধন অনুষ্ঠানের পর বিকালে তারা শিক্ষা উদ্যোগের ভেতরে অবস্থান নেন। এ সময় সহকারী গ্রন্থাগারিকরা মাউসির মহাপরিচালক অধ্যাপক জাহিদা বাতুনকে অবরুদ্ধ করে রাখেন। পরে আজ জাতীয় প্রেসক্লাবে অবরোধ কর্মসূচির খোঁশখা নিয়ে তারা চলে যান।

মানববন্ধন কর্মসূচি থেকে জানানো হয়, গ্রন্থাগারিক সমিতির আন্দোলনের পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউসি) ৫টি পূর্ত মাধ্যমে একটি প্রস্তাবনা পাঠালেও তা বাস্তবায়ন করা হচ্ছে না। এছাড়া গত ২৮ ও ২৯ জুলাই শিক্ষামন্ত্রী ও মহাপরিচালক ১ মাসের সময় নিলেও তা বাস্তবায়ন করেছেন না। যদি শীঘ্রই এমপিওভুক্ত না করা হয় তাহলে কঠোর আন্দোলন কর্মসূচি পালন করা হবে। মানববন্ধনে সংগঠনের জাইস চেয়ারম্যান মো. আনতাকুর রহমান, যুগ্ম মহাসচিব মো. আব্দুল হক ইসলাম, সাংগঠনিক সম্পাদক মো. আবদুল করিম প্রমুখ উপস্থিত ছিলেন।